

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৯১(আগরতলা ১৭।১)

সোনামুড়া, ১৭ জানুয়ারি, ২০২৪

সোনামুড়া মহকুমা ভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা

৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসাবে সম্প্রতি সোনামুড়া মহকুমা ভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোহনভোগ ব্লকের নলেজ রিসোর্স সেন্টারে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে মোহনভোগ বিএসি'র চেয়ারম্যান বাসল্য কুমার নোয়াতিয়া বলেন, জনজাতি সম্প্রদায়ের কৃষ্টি, সংস্কৃতিকে চর্চার মাধ্যমে সেগুলোকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। অনুষ্ঠানে এছাড়াও আলোচনা করেন মোহনভোগ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীবাস ভৌমিক। স্বাগত বক্তব্য রাখেন সোনামুড়া মহকুমা কল্যাণ আধিকারিক অনামিকা দেববর্মা। সোনামুড়া মহকুমা ভিত্তিক এই জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় ৩টি জনজাতি লোকনৃত্য দল অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।
